



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের গবেষণা প্রকল্পের সেমিনার অনুষ্ঠিত
বিশ্ববিদ্যালয়ের সুনাম ও খ্যাতির প্রসারে মানসম্পন্ন গবেষণা অপরিহার্য
- উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৩০ মে ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের গবেষণা প্রকল্পের সেমিনার আজ অনুষ্ঠিত হয়েছে। সকালে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম প্রধান অতিথি হিসেবে সেমিনার উদ্বোধনকালে বলেন, বিশ্ববিদ্যালয়ের সুনাম ও খ্যাতির প্রসারে মানসম্পন্ন গবেষণা অপরিহার্য। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মানসম্পন্ন গবেষণার আহ্বান জানিয়ে উপাচার্য গবেষণা এবং তা প্রকাশ নিমিত্ত আর্থিক প্রণোদনা দেয়ার আশ্বাস দেন। গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. ফরিদ আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য তাঁর ভাষণে গবেষণা প্রকল্পের প্রবন্ধগুলো অনলাইনে প্রকাশ করায় সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, গবেষণা প্রবন্ধগুলো অনলাইনে প্রকাশের ফলে দেশ-বিদেশের সকলে তা দেখতে পারবেন। এতে বিশ্ববিদ্যালয়ের পরিচিতি বৃদ্ধি পাবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে অধ্যাপক ড. মো. লায়েক সাজ্জাদ এন্ডেল্লাহ, অধ্যাপক ড. এ. এ. মামুন, অধ্যাপক ড. মোহাম্মদ শরীফ উদ্দিন, অধ্যাপক ড. মো. ওবায়দুর রহমান, অধ্যাপক ড. শেখ তৌহিদুল ইসলাম, অধ্যাপক ড. এম শামীম কায়সার, অধ্যাপক ড. মো. আমিনুর রহমান খান, অধ্যাপক মো. জামাল উদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন।

দিনব্যাপী সেমিনারে বিভিন্ন সেশনে গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের শিক্ষক, আআইটি এবং আইআরএস এন্ড জিআইএস-এর শিক্ষকগণ গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

